

## বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসকের কার্যালয়

Office of the Administrator of Waqf, Bangladesh.

৮, নিউ ইস্কাটন রোড, ঢাকা-১০০০ 4 new eskaton road.Dhaka-1000.

ফোন : ৮৯৩৫৭৬৮২, ফ্যাক্স # ৯৩৫৭১৭৫, ই-মেইল # [Waqf.gov.bd@gmail.com](mailto:Waqf.gov.bd@gmail.com) Website : [www.waqf.gov.bd](http://www.waqf.gov.bd)

স্মারক নং ১৬.০২.০০০০.০০১.১৮.০১৫.১৬. ৮৪ - ১৪৭

তারিখ : ১৬/১২/২০২১ খ্রি

বিষয় : অধিগ্রহণকৃত ওয়াক্ফ সম্পত্তির ক্ষতিপূরণের অর্থ ওয়াক্ফ প্রশাসক, বাংলাদেশ নামে প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, ধর্মপ্রাণ মুসলমানগণ কর্তৃক মহান আল্লাহর নামে উৎসর্গকৃত ওয়াক্ফ সম্পত্তি সারাদেশব্যাপী ছড়িয়ে ছিটিয়ে রয়েছে। বর্তমান সরকারের অন্যতম লক্ষ্য সারাদেশের টেকসই উন্নয়ন (এসডিজি)। সেলক্ষ্যে রাষ্ট্র, বৌজ, কালভার্ট নির্মাণ সহ বিভিন্ন ধরণের উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হচ্ছে। উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য বিভিন্ন ওয়াক্ফ এস্টেট তথা মসজিদ, মাদ্রাসা, ঈদগাহ, ইমামবাড়া, কবরস্থান ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানের সম্পত্তি অধিগ্রহণ করা হচ্ছে। অধিগ্রহণকৃত সম্পত্তির ক্ষতিপূরণের অর্থ স্থানীয় কিছু স্বার্থাবেষী মহল বিভিন্নভাবে তথ্য গোপন করে অথবা ওয়াক্ফ সম্পত্তি বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসকের দপ্তরে তালিকাভুক্ত নেই অজুহাতে জেলা প্রশাসন হতে উত্তোলনের অপচেষ্টায় লিপ্ত হন যা ওয়াক্ফ অধ্যাদেশ ১৯৬২ এর ৮৫ ধারার পরিপন্থ। ওয়াক্ফ সম্পত্তি ওয়াক্ফ প্রশাসনে তালিকাভুক্ত থাকুক বা না থাকুক কোন সম্পত্তি ওয়াক্ফ সম্পত্তি হিসেবে চিহ্নিত বা সন্তুষ্টকৃত হলে তা সর্বদাই ওয়াক্ফ হিসেবে বিবেচিত হবে এবং এতে ওয়াক্ফ এর স্বত স্বার্থ অক্ষুম থাকে। সুতরাং ওয়াক্ফ এস্টেটের সম্পত্তি অধিগ্রহণ করা হলে এর ক্ষতিপূরণের অর্থ বিতরণকালে এস্টেটটি তালিকাভুক্ত কিনা তা যাচাই করা গুরুত্বপূর্ণ নয়। বরং অধিগৃহীত সম্পত্তি কোনো দলিল দ্বারা বা ব্যবহারিক সূত্রে ওয়াক্ফ ঘোষিত হয়েছে কিনা তা জানাই যথার্থ। তাহাড়া EB SATA 1950 এর ৫৮(৪) ধারামতে ওয়াক্ফ এর বাবদ প্রাপ্ত যেকোন অ্যানুইটির অর্থ (টাকা) ওয়াক্ফ প্রশাসকের বরাবরে হস্তান্তরিত হবে। উপরন্তু ওয়াক্ফ অধ্যাদেশ ১৯৬২ এর ৮৫ ধারামতে “কোন ওয়াক্ফ সম্পত্তি ভূমি হকুম দখল আইন, ১৯৮৪ বা আগাতত বলবৎ অন্য কোনো আইনে অধিগ্রহণ করা হয়েছে সেখানে অনুরূপ সম্পত্তি অধিগ্রহণের ক্ষতিপূরণের অর্থ প্রশাসক বরাবরে প্রদান করতে হবে এবং উহা ৭৪ ধারার (৩) উপ-ধারায় বর্ণিত উদ্দেশ্যে বিনিয়োগ না করা পর্যন্ত ওয়াক্ফ তহবিলে জমা থাকবে। কাজেই সকল ওয়াক্ফ সম্পত্তির ক্ষতিপূরণের অর্থ স্বার্থাবেষী মহলকে প্রদান না করে ওয়াক্ফ অধ্যাদেশ ১৯৬২ এর ৮৫ ধারা মোতাবেক ওয়াক্ফ প্রশাসক, বাংলাদেশ নামে প্রেরণ করলে উক্ত অর্থ সংশ্লিষ্ট ব্যক্তিদের মাধ্যমে ধর্মীয় প্রতিষ্ঠানে সঠিকভাবে ব্যয় হবে এবং ওয়াকিফের উদ্দেশ্য ও লক্ষ্য পূরণ হবে।

এমতাবস্থায়, অধিগ্রহণকৃত সকল ওয়াক্ফ সম্পত্তির ক্ষতিপূরণের অর্থের তহরূপ রোধকল্পে এবং সঠিক ব্যবস্থাপনার স্বার্থে ওয়াক্ফ অধ্যাদেশ ১৯৬২ এর ৮৫ ধারা মোতাবেক ক্রস চেকের মাধ্যমে “ওয়াক্ফ প্রশাসক, বাংলাদেশ” নামে প্রেরণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

আব্দুল্লাহ সাজ্জাদ এনডিসি  
(অতিরিক্ত সচিব)

ওয়াক্ফ প্রশাসক, বাংলাদেশ  
ফোনঃ ৯৩৫৭৬৮২

জেলা প্রশাসক (সকল)

ও

সভাপতি

জেলা ওয়াক্ফ উন্নয়ন কমিটি